**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ ২০২৪'এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ১৭তম সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ্যাডভোকেট মোঃ সাখাওয়াত হোসেন খান<br>প্রশাসক<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | : | ১১/০৩/২০২৬ খ্রিঃ |
| সময় | : | দুপুর ০২.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, নগর ভবন কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |

**উপস্থিত সম্মানিত উপস্থিতিগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)।**

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় প্রশাসক এ্যাডভোকেট মোঃ সাখাওয়াত হোসেন খান মহোদয় সভাপতির আসন গ্রহণ করেন এবং তিনি সরকার কর্তৃক গঠিত কমিটির সম্মানীত সকল সদস্যগণকে সভায় স্বাগত জানান। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রশাসক পদে তাকে নিয়োগ প্রদান করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এর প্রতি বিশেষভাবে কৃতজ্ঞতা প্রকাশ এবং ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রশাসক মহোদয় তাঁর সূচনা বক্তব্যে বলেন - এ সিটি কর্পোরেশন এলাকার নগর উন্নয়ন, জনসেবা ও নগরবাসীর দুর্ভোগ লাঘবে যে দায়িত্ব তাকে দেয়া হয়েছে তা যথাযথভাবে প্রতিপালনে তিনি স্থানীয় সরকারি সংস্থা, অধিদপ্তর, পরিদপ্তর ও অংশীজনদেরকে পাশে চান। তাদের মতামত, পরামর্শ ও আন্তরিক সহযোগিতার মাধ্যমে এ নগরীকে সুশৃঙ্খল, পরিবেশবান্ধব, মাদক ও সন্ত্রাসমুক্ত বাসযোগ্য নিরাপদ ক্লিন ও গ্রিন সিটি হিসেবে গড়ে তুলতে তার অভিপ্রায় ব্যক্ত করেন। তিনি নগরীর স্থায়ী ও টেকসই উন্নয়নে সমন্বিতভাবে কাজ করার আহবান জানান।

তিনি আরও বলেন - নারায়ণগঞ্জ জেলা ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এর সুস্পষ্ট ধারণা রয়েছে, এটা নারায়ণগঞ্জবাসীর জন্য গর্বের। তিনি অগ্রাধিকার ভিত্তিতে নিম্নবর্ণিত বিষয়গুলি নিয়ে কাজ করতে ইচ্ছুক মর্মে সভাকে অবহিত করেন:

১. সড়ক ও ফুটপাত হতে হকার উচ্ছেদ;
২. নগরীর যানজট নিরসন;
৩. সড়ক ভিত্তিক অটো রিক্সার চলাচল নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা আনয়ন;
৪. নগরীর (শহীদ বাপ্পী সড়ক হতে ডিসি অফিস) মধ্যে ১০/- (দশ) টাকার বিনিময়ে ১২/১৪ সিটের চার চাকার সিটি সার্ভিস নামে গণপরিবহন চালুকরণ;
৫. খেলার মাঠ ও খেলাধুলার পরিবেশ নিশ্চিতকরণ;
৬. খাল-খনন ও খালের চারপার্শ্বে বৃক্ষরোপন এবং অবৈধ দখলমুক্ত/উদ্ধার করে পরিষ্কারকরণ ও ব্যবহার উপযোগিকরণ;
৭. এনসিসি'র সম্পত্তি সামষ্টিক কাজে ব্যবহারকরণ;
৮. কিশোর গ্যাং, মাদক-স্পট চিহ্নিতকরণ ও মাদক নির্মূলে আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতায় সমন্বিত পদক্ষেপ গ্রহণ;
৯. বর্জ্য-ব্যবস্থাপনায় নাগরিক সচেতনতা বৃদ্ধিকরণ এবং নগরীর সকল মার্কেটের সামনে ময়লা ফেলার জন্য ডাস্টবিন সরবরাহ নির্দিষ্ট স্থানে ময়লা-আবর্জনা ফেলার জন্য সচেতনতা তৈরি নির্দেশনা অমান্যকারীদের বিষয়ে জরিমানা আদায়ের ব্যবস্থাগ্রহণ;
১০. সড়ক সংলগ্ন মার্কেট ও আন্ডারগ্রাউন্ড স্পেস উন্মুক্ত করে গাড়ি পার্কিংয়ের ব্যবস্থা গ্রহণে মালিকপক্ষকে তাগিদ প্রদান এবং এ বিষয়ে রাজউক এর সহায়তা গ্রহণ;
১১. জরুরি ভিত্তিতে নগরীর ভাঙা সড়ক দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ;
১২. সড়কের উপর নির্মাণ সামগ্রী না রাখার জন্য বাড়ির মালিকগণকে উদ্বুদ্ধকরণ ও নির্দেশনা অমান্যকারীদের বিষয়ে জরিমানা আদায়ের ব্যবস্থাগ্রহণসহ মালামাল বাজেয়াপ্তকরণ;
১৩. মশক নিধন কার্যক্রম জোরদারকরণে মশকের প্রজনন ক্ষেত্র চিহ্নিতকরণ, নগরীর খাল, ডোবা ও পানি জমে থাকা স্পট চিহ্নিতকরণ, পরিষ্কারকরণ, উন্নতমানের মশক নিধন ঔষধ স্প্রেকরণ ও ফগার মেশিন দ্বারা মশার উপদ্রব বন্ধকরণ;
১৪. বর্ষা মৌসুম শুরুর পূর্বে সকল ড্রেন পরিষ্কার করার ব্যবস্থা গ্রহণ;
১৫. নগরীর মধ্যে বিভিন্ন খুঁটির উপর ঝুলে থাকা তার অপসারণে ব্যবস্থা গ্রহণ;
১৬. বন্দর ও নারায়ণগঞ্জ নগরীর মধ্যে সংযোগকারী ৩য় শীতলক্ষা সেতুর বিষয়ে উদ্যোগ গ্রহণ;

১৭. নগরীর ২নং রেলগেট হতে রেল লাইনের পাশ দিয়ে সড়ক নির্মাণ এবং সিরাজউদ্দৌলা সড়ক খানপুর বৌ-বাজার সড়ক প্রশস্তকরণ এবং মীরজুমলা সড়ক হতে বাজার অপসারণ;
১৮. নারায়ণগঞ্জে উপযুক্ত ভূমি অধিগ্রহণের মাধ্যমে সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল এবং পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ।

অতঃপর সভাপতি মহোদয় আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য এ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ও সচিব জনাব মোঃ নূর কুতুবুল আলম কে অনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার উপস্থাপনা শুরু করেন।

## আলোচ্যসূচি ১ : বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা** : নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম গত ২৬/০১/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এ কমিটির ১৬তম সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এ বিষয়ে সভায় উপস্থিত কমিটির সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণের কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে ১৬তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত :** উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
**বাস্তবায়নে :** সংশ্লিষ্ট শাখা/বিভাগ (সকল), কর্মকর্তা/কর্মচারী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ২ : রাজস্ব আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন রাজস্ব আদায়ের হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

**(ক) ২০২৪-২০২৫ এবং ২০২৫-২০২৬ অর্থবছরের হোল্ডিং ট্যাক্স এর মাসভিত্তিক তুলনামূলক দাবি ও আদায় বিবরণী (লক্ষ টাকায়):**

| অর্থবছর: ২০২৫-২০২৬ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| ১ | ডিসেম্বর ২০২৫ | ৯৩৩৫.০৮ | ৪৮৮.৪৪ | ৫.২৩% | |
| ২ | জানুয়ারি ২০২৬ | | ১০৭.০৮ | ১.১৫% | |
| ৩ | ফেব্রুয়ারি ২০২৬ | | ৯৯.৭৭ | ১.০৭% | |
| | মোট ত্রৈমাসিক | ৯৩৩৫.০৮ | ৬৯৫.২৯ | ৭.৪৫% | |

| অর্থবছর: ২০২৪-২০২৫ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| ১ | ডিসেম্বর ২০২৪ | ৯৫৬৯.৭১ | ৩৬৯.২১ | ৩.৮৬% | |
| ২ | জানুয়ারি ২০২৫ | | ২০০.৮৫ | ২.১০% | |
| ৩ | ফেব্রুয়ারি ২০২৫ | | ১৬৭.৪৪ | ১.৭৫% | |
| | মোট ত্রৈমাসিক | ৯৫৬৯.৭১ | ৭৩৭.৫০ | ৭.৭১% | |

(খ) **২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থবছরের ট্রেড লাইসেন্স এর মাসভিত্তিক তুলনামূলক দাবি ও আদায় বিবরণী** (লক্ষ টাকায়):

| অর্থবছর: ২০২৫-২০২৬ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| **১** | ডিসেম্বর ২০২৫ | ৯৫২.০০ | ৪১.৫১ | ৪.৩৬% | |
| **২** | জানুয়ারি ২০২৬ | | ১৮.০২ | ১.৮৯% | |
| **৩** | ফেব্রুয়ারি ২০২৬ | | ১২.৭২ | ১.৩৪% | |
| | মোট ত্রৈমাসিক | ৯৫২.০০ | ৭২.২৫ | ৭.৫৯% | |

| অর্থবছর: ২০২৪-২০২৫ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| ১ | ডিসেম্বর ২০২৪ | ৮০০.০০ | ১৯.৪২ | ২.৪৩% | |
| ২ | জানুয়ারি ২০২৫ | | ২৭.২৯ | ৩.৪১% | |
| ৩ | ফেব্রুয়ারি ২০২৫ | | ১৬.৩৪ | ২.০৪% | |
| | মোট ত্রৈমাসিক | ৮০০.০০ | ৬৩.০৫ | ৭.৮৮% | |

(গ) **২০২৪-২০২৫ এবং ২০২৫-২০২৬ অর্থবছরের দোকান ভাড়া এর মাসভিত্তিক তুলনামূলক দাবি ও আদায় বিবরণী** (লক্ষ টাকায়):

| অর্থবছর: ২০২৫-২০২৬ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| ১ | ডিসেম্বর ২০২৫ | ৪৩৫.৩৫ | ২২.১৮ | ৫.০৯% | |
| ২ | জানুয়ারি ২০২৬ | | ৩৫.৯২ | ৮.২৫% | |
| ৩ | ফেব্রুয়ারি ২০২৬ | | ১৭.০৫ | ৩.৯২% | |
| | মোট ত্রৈমাসিক | ৪৩৫.৩৫ | ৭৫.১৫ | ১৭.২৬% | |

| অর্থবছর: ২০২৪-২০২৫ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | মাসের নাম | মোট দাবি | মোট আদায় | হার (%) | মন্তব্য |
| ১ | ডিসেম্বর ২০২৪ | ২৯১.১৭ | ২৮.৯২ | ৯.৯৩% | |
| ২ | জানুয়ারি ২০২৫ | | ৩৩.০৪ | ১১.৩৫% | |
| ৩ | ফেব্রুয়ারি ২০২৫ | | ৩১.১৫ | ১০.৭০% | |
| | মোট ত্রৈমাসিক | ২৯১.১৭ | ৯৩.১১ | ৩১.৯৮% | |

**(ঘ) পানি সরবরাহ বিভাগের দাবি ও আদায় বিবরণী [ফেব্রুয়ারি ২০২৬ (লক্ষ টাকায়)]:**

| দাবি | | | | আদায় | | | | হার |
|---|---|---|---|---|---|---|---|---|
| বকেয়া | | হাল | মোট | বকেয়া | | হাল | মোট | |
| ঢাকা ওয়াসা | এনসিসি (জুলাই ২০২৩ থেকে জানুয়ারি ২০২৬) | ফেব্রুয়ারি ২০২৬ | | ঢাকা ওয়াসা | এনসিসি | ফেব্রুয়ারি ২০২৬ | | |
| ২৭৪১.৪১ | ৮১৭.৬৯ | ১৬১.৩৬ | ৩৭২০.৪৬ | ১.৯৮ | ২১.১৮ | ১০৪.৯৮ | ১২৮.১৪ | ৩.৪৪% |

- পানি সরবরাহ বিভাগের রাজস্ব শাখার পানির বিল বাবদ দাবি ও আদায় বিবরণী:

| ক্রঃ | মাসের নাম | বকেয়াসহ হাল দাবি (ভ্যাট ব্যতীত) | বকেয়াসহ আদায় (ভ্যাট ব্যতীত) |
|---|---|---|---|
| ১. | জুলাই ২০২৫ | ৩৫,৪৭,০৫,১৮৮.৪/- | ১,৩৮,৪৯,২৬০/- |
| ২. | আগস্ট ২০২৫ | ৩৫,৬৯,৭৪,৪৭৮.৪/- | ১,২৭,৪৯,৮৯৫/- |
| ৩. | সেপ্টেম্বর ২০২৫ | ৩৬,০০,৯১,৫৫৫.৪/- | ১,৪০,৭৫,৭২৫/- |
| ৪. | অক্টোবর ২০২৫ | ৩৬,২৯,৫২,৯১১.৪/- | ১,৪০,৮২,৪৪৮/- |
| ৫. | নভেম্বর ২০২৫ | ৩৬,৬১,০৩,৩৪৭.৪/- | ১,৩৫,৬১,৪৭৮/- |
| ৬. | ডিসেম্বর ২০২৫ | ৩৬,৮৪,২৪,৭৪৫.৪২/- | ১,৬৫,১৬,৩৫৩/- |
| ৭. | জানুয়ারি ২০২৬ | ৩৬,৭৮,৮৯,৫১৫.৮৭/- | ১,৫১,৮৭,১৫৪/- |
| ৮. | ফেব্রুয়ারি ২০২৬ | ৩৭,২০,৪৮,৩৫৯.৮২/- | ১,৩০,৩৬,৪৪১/- |

- পানি সরবরাহ বিভাগের রাজস্ব শাখার **বিবিধ আদায়** বিবরণী:

| ক্রঃ | মাসের নাম | বিবিধ আদায় |
|---|---|---|
| ১. | জুলাই ২০২৫ | ৪,৮০,৬২০/- |
| ২. | আগস্ট ২০২৫ | ৯,২৮,৮৬৭/- |
| ৩. | সেপ্টেম্বর ২০২৫ | ১৩,৫৩,৯৪০/- |
| ৪. | অক্টোবর ২০২৫ | ৮,৭৭,৪৩০/- |
| ৫. | নভেম্বর ২০২৫ | ৮,০৮,২১৫/- |
| ৬. | ডিসেম্বর ২০২৫ | ১৬,৯২,৬১০/- |
| ৭. | জানুয়ারি ২০২৬ | ৭,২৯,১৭৫/- |
| ৮. | ফেব্রুয়ারি ২০২৬ | ৪,১২,২৬৫/- |

**(ঙ) পানি সরবরাহ বিভাগের রাজস্ব ও অন্যান্য আদায় এবং ব্যয় (ফেব্রুয়ারি ২০২৫) (লক্ষ টাকায়) :**

| ক্রমিক | আদায়ের খাত | আদায়ের পরিমাণ |
|---|---|---|
| ১ | নবায়ন ফি বাবদ আদায় | ০.১৬ |
| ২ | পানর বিল বাবদ আদায় | ১২৮.১৪ |
| ৩ | ডিমান্ড নোট | ৩.৪১ |
| ৪ | নতুন সংযোগের ফরম | ০.১১ |

| | | |
|---|---|---|
| ৫ | মিটার বিক্রয় | ০.৩৬ |
| ৬ | গাড়ি দ্বারা পানি বিক্রয় ও অন্যান্য | ০.০৬ |
| | সর্বমোট | ১৩২.২৪ |

| ক্রমিক | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমাণ |
|---|---|---|
| ১ | বেতন-ভাতা | ১৮.১৫ |
| ২ | বিদ্যুৎ বিল | - |
| ৩ | বিল ফরম | - |
| ৪ | পানির লাইন/পাম্প মেরামত | ৭৭.৯৭ |
| | সর্বমোট | ৯৬.১২ |

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন সভাকে জানান, গত ফেব্রুয়ারি ২০২৬ মাসে অনুষ্ঠেয় ত্রয়োদশ জাতীয় নির্বাচন ও রমজান মাস চলমান থাকায় গত ২ মাসে রাজস্ব আদায় তুলনামূলক কম হয়েছে। তবে আগামী জুনের মধ্যে আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

আলোচনায় অংশ নিয়ে সিভিল সার্জন, নারায়ণগঞ্জ জনাব এ এফ এম মুশিউর রহমান পানি সরবরাহ ও ব্যবস্থাপনা বিষয়ে সংযোগ লাইন মেরামত বাবদ ব্যয়ের হিসাবটি স্পষ্টিকরণের জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করেন।

নির্বাহী প্রকৌশলী জনাব ইসমাইল চৌধূরী জানান নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ৩টি অঞ্চলে মোট ৩৮টি পাম্প রয়েছে, যার মধ্যে ৪টি নষ্ট, যা মেরামতযোগ্য নয়। ইতোমধ্যে ২০টি নতুন পাম্প স্থাপনের জন্য টেন্ডার আহবান করা হয়েছে এবং ১০টি পাম্প স্থাপনের অনুমোদন পাওয়া গেছে। পানি সরবরাহ ও ব্যবস্থাপনা বিষয়ে সংযোগ লাইন মেরামতের জন্য জরুরি প্রয়োজনে ঠিকাদার নিয়োগ করা হয়ে থাকে, যখন যেখানে সমস্যা হয় সেখানে দ্রুততার সাথে উক্ত ঠিকাদার এর মাধ্যমে কাজ করানো হয়।

প্রশাসক মহোদয় বলেন পানি সরবরাহ শাখায় রাজস্ব আদায়ের হার কম, আদায়ের হার বৃদ্ধির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এডিবি'র অর্থায়নে ১৬৯৫ কোটি টাকার প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে ব্যবহারযোগ্য বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এ বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। তবে পানি সরবরাহ যেন অব্যাহত থাকে সে বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। যে সকল ঠিকাদার কার্যাদেশ অনুযায়ী সময়মতো কাজ না করে বা আংশিক কাজ করে বিল দাখিল করবে তাদেরকে কালো তালিকাভুক্ত করা হবে মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সতর্ক করেন।

**সিদ্ধান্ত:** (১) ওয়ার্ডভিত্তিক কর খেলাপীদের তালিকা প্রণয়ন করে আদায় অভিযান পরিচালনা, লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদারকরণ (২) ট্রেড লাইসেন্স নবায়ন ও ব্যবসায়ীদেরকে ট্রেড লাইসেন্স গ্রহণ করে ব্যবসা করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অঞ্চলভিত্তিক কার্যক্রম গ্রহণ, (৩) মার্কেট, ফ্ল্যাট ও দোকান ভাড়া আদায়ে তৎপর হওয়াসহ যাবতীয় রাজস্ব আদায় কার্যক্রম জোরালোভাবে সম্পন্ন করা, (৪) লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা এবং রাজস্ব আদায়ে কাঙ্ক্ষিতমাত্রা অর্জিত না হওয়া পর্যন্ত তা চলমান রাখা, (৫) বকেয়া/ খেলাপি গ্রাহকগণের নিকট হতে এ প্রতিষ্ঠানের পাওনা রাজস্ব আদায়ের লক্ষ্যে তাদের অনুকূলে অতি দ্রুত পত্র প্রেরণ করার ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** কর আদায়, ট্রেড লাইসেন্স শাখা, বাজার শাখা, পানি সরবরাহ বিভাগ, সংশ্লিষ্ট কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৩: <u>জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২৬ মাসের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ও অনুমোদন সংক্রান্ত আলোচনা।</u>

**আলোচনা:** প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন সভায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের গত জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২৬ মাসের আয়-ব্যয়ের তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

**আয়-ব্যয় (২০২৫-২৬) হিসাব পর্যালোচনা (জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২৬) (লক্ষ টাকায়):**

| খাত | জানুয়ারি ২০২৬ | ফেব্রুয়ারি ২০২৬ |
|---|---|---|
| | আয় | |
| রাজস্ব আয় | ৫১৫.২২ | ৫৬৫.০৯ |
| রাজস্ব আয় (পানি) | ২০৭.৪৩ | ১৩২.২৪ |
| সরকারি উন্নয়ন বরাদ্দ (থোক বরাদ্দ থেকে) | ০.০০ | ১২.০১ |
| মোট আয় | ৭২২.৬৫ | ৭০৯.৩৪ |

| ব্যয় | | |
|---|---|---|
| রাজস্ব ব্যয়<br>(রাজস্ব আয় থেকে) | ৫৫৩.৫৯ | ২১৫.৭৫ |
| উন্নয়ন ব্যয়<br>(রাজস্ব আয় থেকে) | ১৬৩.৪৪ | ৯২.১৫ |
| পানি সরবরাহ | ১৯.৪১ | ৯৬.১২ |
| উন্নয়ন ব্যয়<br>(থোক বরাদ্দ থেকে) | ০.০০ | ১৫২.০০ |
| মোট ব্যয় | ৭৩৬.৪৪ | ৫৫৬.০২ |

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে জানুয়ারি ও ফেব্রুয়ারি ২০২৬ মাসের আয়-ব্যয়ের হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

বাস্তবায়নে : হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৪ : পবিত্র মাহে রমজানে নিরাপদ, স্বাস্থ্যকর, খাবার/ইফতার সরবরাহের জন্য সতর্কতামূলক মাইকিং এবং আসন্ন ডেঙ্গু মৌসুমকে সামনে রেখে ডেঙ্গু নিধন কার্যক্রম সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা :** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম মানসম্মত খাবার নিশ্চিতকরণে হোটেল রেস্তোরায় অভিযান পরিচালনা ও স্বাস্থ্য সেবা প্রদান সম্পর্কে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে গৃহীত বিশেষ পদক্ষেপসমূহ সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

**ক. নিরাপদ স্বাস্থ্যকর খাবার/ইফতার সরবরাহের জন্য সতর্কতামূলক অভিযান:**

১। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন ০৩টি অঞ্চলের ২৭টি ওয়ার্ডের হোটেল-রেস্তোরাঁয় নিরাপদ স্বাস্থ্যকর খাবার/ইফতার সরবরাহের জন্য সতর্কতামূলক মাইকিং কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত হলেও মাইকিং না করে ওয়ার্ড ভিত্তিক টিম গঠন করে অভিযান পরিচালনা করা হচ্ছে।

২। স্থানীয় নাগরিকদের সচেতন করার জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে।

**খ। নিয়মিত স্বাস্থ্য সেবা কার্যক্রম:**

১। ৪ টি নগর স্বাস্থ্য হাসপাতালে মাতৃত্বকালীন, সাধারণ সেবা এবং ডায়াবেটিস সেবা প্রদান করা হচ্ছে।

২। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ০৩টি অঞ্চলের ২৭টি ওয়ার্ডে রুটিন ইপিআই (টিকাদান কর্মসূচি) কার্যক্রম পরিচালিত হচ্ছে।

৩। স্বল্পমূল্য রোগীদের বিভিন্ন রোগ নির্ণয়ের জন্য ল্যাব টেস্ট ৫০% ছাড়ে করা হয়।

**গ. আসন্ন ডেঙ্গু মৌসুমকে সামনে রেখে ডেঙ্গু নিধন কার্যক্রম সংক্রান্ত প্রস্তুতি:**

১। ডেঙ্গু, চিকুনগুনিয়াসহ মশাবাহিত রোগের প্রাদুর্ভাব প্রতিরোধে মশক নিধন শাখার কর্মকর্তা-কর্মচারীদের সাথে মাননীয় প্রশাসক মহোদয়ের নেতৃত্বে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

২। বর্তমানে ১৬০০ লিটার LDO মজুত আছে এবং ৩০০০০ লিটার LDO ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৩। বর্তমানে ৪২০ লিটার লার্ভিসাইড মজুত আছে এবং ১০০০ লিটার লার্ভিসাইড ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৪। বর্তমানে ১৯৬০০ লিটার এডাল্টিসাইড মজুত আছে এবং ৩০০০০ লিটার এডাল্টিসাইড ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ডেঙ্গু রোগীর তথ্য :**

| মাসের নাম | রোগীর সংখ্যা | মৃত্যুর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| জানুয়ারি | ৬ | ০ | - |
| ফেব্রুয়ারি | ৪ | ০ | - |
| মার্চ | ০ | ০ | - |
| মোট | ১০ জন | ০ | ১০ মার্চ ২০২৬ পর্যন্ত |

এ প্রসঙ্গে প্রশাসক মহোদয় ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে সিভিল সার্জন, নারায়ণগঞ্জ জনাব এ কে এম মুশিউর রহমানকে উন্নত মানের ও আমাদের দেশের প্রেক্ষাপটে কার্যকরী মশক নিধন ঔষধের নাম দিতে অনুরোধ করেন। তিনি আরও জানান, ইতোমধ্যে খাল খনন ও পরিষ্কার-পরিচ্ছন্ন করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। রংপুর সিটি কর্পোরেশন হতে খাল পরিষ্কার এর জন্য প্রশিক্ষিত জনবলসহ উভচর এক্সকাভেটর আনা হয়েছে। যারা ইতোমধ্যে গঞ্জেআলী খাল পরিষ্কারের কাজ শুরু করেছে। কালিয়ানী খালের ১০% এনসিসি'র অভ্যন্তরে বাকি ৯০% ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে। এই খাল উদ্ধার করতে গেলে ৫৫টি অবৈধ আবাসিক/বাণিজ্যিক স্থাপনা উচ্ছেদ করতে হবে এবং উচ্ছেদ কার্যক্রমে জেলা প্রশাসন ও জেলা পুলিশ এর সক্রিয় ভূমিকা থাকতে হবে।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে নিরাপদ স্বাস্থ্যকর খাবার সরবরাহ নিশ্চিতে জনসচেতনতা সৃষ্টি, নিয়মিত হোটেল রেস্তোরা পরিদর্শন ও নিয়মিত স্বাস্থ্যসেবা, টিকাদান কার্যক্রম এবং আসন্ন মৌসুমকে সামনে রেখে ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে মশকনিধন কার্যক্রম জোরদারকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** স্বাস্থ্য বিভাগ ও বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৫: উন্নয়নমূলক কার্যক্রম (চলমান ও নতুন প্রকল্প) এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (সিভিল) জনাব মোহাম্মদ ইসমাইল চৌধুরী উন্নয়নমূলক কার্যক্রম **(**চলমান প্রকল্প ও নতুন প্রকল্প**)** ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

**UDCGP**

| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ০৪/২০২৩-২৪ ২টি | Construction of RCC drain in East side of Bangabandhu road with footpath (UDCGP-NCC-D-1)(RCC Drain-3592m) | ইউডিসিজিপি | ১৯১৪.৯৬ | ১১/০৮/২০২৪ | ২৩/০২/২০২৬ | ৬৮% | কাজ চলমান |
| | | Construction of RCC drain in West side of Bangabandhu road with footpath (UDCGP-NCC-D-2) (RCC Drain-1980m, Pipe Drain-1050m) | ইউডিসিজিপি | ২০৭০.৯৮ | ১১/০৬/২০২৪ | ১০/০৬/২০২৫ বর্ধিত সময় ২২/০২/২০২৬ | ৬০% | কাজ চলমান |
| ২ | ০২/২০২৪-২৫ ১টি | Construction of Ali Ahmed Chunka Public Place and Playground. | ইউডিসিজিপি | ১৬৩৭.৯৪ | ১৫/০১/২০২৫ | ০৯/০৭/২০২৬ | ২২% | কাজ চলমান |
| ৩ | ০৬/২০২৫-২৬ ১টি | Improvement Landfill site in Alamin Nagar. | ইউডিসিজিপি | ৯৪২.৪২ | - | - | - | NOA প্রদান করা হয়েছে। |
| ৪ | | Installation of 10 Nos. Production Tube Well (PTW) at ward-04 (Part), ward-11, ward-15, ward-18, ward-22 & ward-23 in different zone under NCC. (Package no.UDCGP-NCC-WS-2 | ইউডিসিজিপি | ১৯৪৯.৭০ | ০২/০৩/২০২৬ | ২৩/০৮/২০২৭ | - | চুক্তি সম্পাদন করা হয়েছে |

**DPP**

| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | প্রকল্প ব্যয়/ চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ০৬/২০২৪-২৫ ১টি (সমাপ্ত ০টি) | Construction of Scavenger's Colony at Tanbazar under Narayanganj City Corporation. (নারায়ণগঞ্জ অঞ্চল) | সরকারি ও নিজস্ব | ৪২৬৩.৫২ | ০৪/০৪/২০২৫ | ০২/০৯/২০২৬ | ১০% | পাইলিং ও পাইল ক্যাপের কাজ চলমান |
| ২ | ডিপিপি | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন | এডিপি | ৪০৭৪৩.৭৩৮ | ০১/০১/২০২১ | ৩০/০৬/২০২৭ | ৬৫% | বিগত ১৫/১০/২০২৫ খ্রি. তারিখে ৪০৭.৪৩৭৩ লক্ষ টাকার ১ম |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | সংশোধিত ডিপিপি'র প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। ২৩/১২/২০২৫ খ্রি: তারিখে পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। |

**LGCRRP**

| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৮/২০২২-২৩ ৫টি (সমাপ্ত ৩টি) | Development of Paikpara Choto Koborsthan. [আলী-আলআমিন (জেভি)] | LGCRRP | ৭০৭.৪২ | ২৬/০৭/২০২৩ | ২৬/০১/২০২৫ বর্ধিত ২৬/১২/২০২৫ | ৯০% | ঠিকাদার সময় বৃদ্ধির আবেদন করেছেন। কাজ চলমান। |
| ২ | | Development of Paikpara Boro Koborsthan. [আলী-আলআমিন (জেভি)] | LGCRRP | ১০৮৫.৪৩ | ২৬/০৭/২০২৩ | ২৬/০১/২০২৫ বর্ধিত ২৬/১২/২০২৫ | ৯০% | ঠিকাদার সময় বৃদ্ধির আবেদন করেছেন। কাজ চলমান। |
| ৩ | ৮/২০২৪-২৫ (LGCRRP-W-15) [আতিকা প্রজেক্ট এন্ড ওয়ার্কশপ এন্ড শামিম ট্রেডার্স (জেভি)] | i) Construction of Two Storied Multipurpose building al Ajibpur, Shiddhirganj Crematorium Ghat in ward no:- 05 under Narayanganj City Corporation. (Civil Works) ii) Electrical work of Three Storied Multipurpose building at Ajibpur Shosan, ward no:- 05, Shiddhirganj under Narayanganj City Corporation.. iii) Construction of Crematorium building at Ajibpur, Shiddhirganj Crematorium Ghat in ward no:- 05 under Narayanganj City Corporation. (Civil Works) iv) Electrical work of Crematorium building at Ajibpur Shosan, ward no:- 05, Shiddhirganj under Narayariganj City Corporation, v) Installation at Centrifugal Pump, Motor & Tube-well of Three storied Multipurpose building at Ajibpur Shosan, ward no:-05 under Narayanganj City Corporation. (Civil Works) vi) Construction of RCC drain from Nimai Kashari Bank colony Mr. Mozamell house to north | LGCRRP | ৩১০.৫৩ | ০৫-০৫-২০২৫ | ০৪-০২-২০২৬ | ৩৫% | মামলাজনিত কারণে কাজ বন্ধ আছে। |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | side Mr. Harun house & east side in Mr. Azizul Hoq house in ward no:-03 under Narayanganj city corporation, ch.0.00-340,00. vii) Upgrading of RCC roads from Nimai Kashari Bank colony Mr. Mozamell house to north side Mr. Harun house & east side in Mr. Azizul Hoq house in ward no:-03 under Narayanganj city corporation, A ch.0.00-340.00 | | | | | | |
| 8 | ৫/২০২৫-২৬ (LGCRRP -W-16) [আলী-আল-আমিন (জেভি)] | Part-1) Construction of drain by RCC from (a) Kalu Hazi road Mawlana Alauddin house to Batenpara Graveyard road Ch. 0.00-215.00m (b) Kalu Hazi road Babul Hossin house to Batenpara Graveyard house.Ch.0.00-135.00 road via Saidur Rahman (Drain Part) Part-2) Upgrading of Road by RCC from (a) Kalu Hazi road Mawlana Alauddin house to Batenpara Graveyard road Ch. 0.00-215.00m (b) Kalu Hazi road Babul Hossin house to Batenpara Graveyard house.Ch.0.00-135.00 road via Saidur Rahman (Road Part) Part-3) Construction of drain by RCC from Al Amin nagar Mr.Abul Hossain house & Mr. Nuru house to West side Mr. Abul Vandary house & South side Mr.Modhu Gosh house in Ward No.1 under Narayanganj City Corporation, Ch.0.00-755.00 (Drain Part) Part-4) Upgrading of Road by RCC from Al Amin nagarMr.Abul Hossain house & Mr. Nuru house to West side Mr. Abul Vandary house & South side Mr.Modhu Gosh house in Ward No.1 under Narayanganj City Corporation, Ch.0.00-830.00 (Road Part) Part-5) Constructionof drain by RCC from Hazera Market to Amzad Market South side Mr.Momtaz house to Ayet Ali Via Rawshan Ali & Hero Madbar house in Ward No.2 under Narayanganj City Corporation, Ch.0.00-377.00. (Drain Part) Part-6) Upgrading of Road and drain by RCC from Hazera Market to Amzad Market South side Mr.Momtaz house to Ayet Ali Via Rawshan Ali & Hero Madbar house in Ward No.2 under Narayanganj City | বিশ্ব ব্যাংক | ৫৩১.৮৫ | ১৮/১১/ ২০২৫ | ১৮/০৫/ ২০২৬ | ২৫% | কাজ চলমান |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | Corporation, Ch.0.00-377.00. (Road Part) Part-7) Constructionof drain by RCC from Nimai Kashari Bank Colony Mr. Ismail Patoray house to north side Mr.Alamgir house & West side Mortoje Ali School in Ward No.3 under Narayanganj City Corporation, Ch.0.00-264.00. (Drain Part) Part-8) Upgrading of Road by RCC from Nimai Kashari Bank Colony Mr. Ismail Patoray house to north side Mr.Alamgir house & West side Mortoje Ali School in Ward No.3 under Narayanganj City Corporation, Ch.0.00-264.00 (Road Part) | | | | | | |
| ৫ | (LGCRR P-W-17) [আতিকা প্রজেক্ট] | Part-1) Maintenance of Road by bituminous surfacing-wearing course from Mouchak Bus Stand to West direction up to Narayanganj Link road in ward no-02 Undar Narayanganj City Corporation, Ch.0.00-1610.00m Part-2) Upgrading of Approach Road by bituminous surfacing- wearing course from Mouchak Bus Stand to Borth-East direction up to Nemaikashari Bazar in Ward No.3 under Narayanganj City Corporation, Ch.0.00-174.00mm (Road Part) | বিশ্ব ব্যাংক | ৩৫৪.৬২ | ১৮/১১/ ২০২৫ | ১৮/০৫/ ২০২৬ | ২০% | কাজ চলমান |
| ৬ | (LGCRR P-W-18) [আতিকা প্রজেক্ট] | Part-1) Repairing of H.M Shen road to Shahi moshjid road (Bandar bus stand), by BC in ward no:22, (FY 2024-2025.) Ch 00-1200m Part-2) Repairing of Bandar 1no. Kheya ghat to bandar bazar, by BC in ward no:22, (FY 2024-2025.) Ch 00- 375m. Part-3) Estimate for Maintenance of Road by BC (Sealcoat) with expansion joint from Luhiar pool to Kaitakhalimosjid in ward no.-24 under NCC in the FY-2024-25(L=570m). Part-4) Estimate for Maintenance of Road by BC (Sealcoat) with expansion joint from Nobiganj Bus Stand to Nobiganj Feri ghat in ward no.-24 under NCC in the FY-2024-25(L=762m). | বিশ্ব ব্যাংক | ২৮৭.১৭ | ১৮/১১/ ২০২৫ | ১৮/০৫/ ২০২৬ | ৫% | কাজ চলমান |

| নারায়ণগঞ্জ অঞ্চল | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
| ১ | ১৬/২০২০-২১ | ১০নং ওয়ার্ডে গোদনাইল কমিউনিটি সেন্টার পুনঃনির্মাণ [উদয়ন বিল্ডার্স] | নিজস্ব | ৪২০.৭৬ | ২২/০৪/২০২১ | ২১/০৪/২০২২ বর্ধিত ৩০/১২/২০২৫ | ৮০% | অটিস্টিক স্কুল নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। কাজ বন্ধ রয়েছে। |
| | | ১৫নং ওয়ার্ডে পদ্ম সিটি প্লাজা-৭ আবাসিক ভবন নির্মাণ [কেএসবিএল-জেকেই (জেভি)] | নিজস্ব | ১৩৮৮.২৫ | ২২/০৪/২০২১ | ২২/১০/২০২২ বর্ধিত ৩০/০৬/২০২৬ | ৯২% | কাজ চলমান |
| | | ১৫নং ওয়ার্ডে পদ্ম সিটি প্লাজা-৮ আবাসিক ভবন নির্মাণ। [কেএসবিএল-জেকেই (জেভি)] | নিজস্ব | ১৪৮৫.৭৬ | ২২/০৪/২০২১ | ২২/১০/২০২২ বর্ধিত ৩০/০৬/২০২৬ | ৯৫% | ফিনিশিং কাজ চলমান |
| ২ | ৩/২০২১-২২ | Construction of Khatun-E-Zannat Sayedah Fatema (RA) City Jame Mosque at Mina Bazar ward no-15 [মুনিয়া] | নিজস্ব | ৩৭৪.১২ | ২১/১২/২০২১ | ২০/১২/২০২২ বর্ধিত ২৮/০২/২০২৬ | ৭৬% | ঠিকাদারকে বারবার নির্দেশনা প্রদানের পরও কাজ বন্ধ আছে। |
| ৩ | ৩/২০২৩-২৪ | ১২নং ওয়ার্ডে খানপুর ওয়াসা পাম্পের পাশে ১০(দশ) তলা আবাসিক ভবন নির্মাণ [এনসি-এমসি-এই (জেভি)] | নিজস্ব | ১৭৯৫.৯৩ | ০৬/০৬/২০২৪ | ২১/০৪/২০২২ বর্ধিত ৩০/০৬/২০২৬ | ৩৫% | ৩য় তলার ছাদের সাটারিং চলমান। |
| | | ১৬নং ওয়ার্ডে সাধু নাগ মহাশয় কমপ্লেক্স নির্মাণ [রত্না এন্টা.] | নিজস্ব | ৬৬৫.০০ | ০৬/০৬/২০২৪ | ০৪/১১/২০২৬ | ১৮% | কাজ চলমান |
| ৪ | ০৭/২০২৩-২৪ | ১১নং ওয়ার্ডে আইটি স্কুলের সম্মুখে ৬ (ছয়) তলা বিশিষ্ট ২ (দুই) টি আবাসিক ভবন নির্মাণ [বিনিময়-রীপা (জেভি)] | নিজস্ব তহবিল | ৭১০.১১ | ১১/১১/২০২৪ | ১০/০৫/২০২৬ | ১০% | কাজ চলমান |
| ৫ | | ১৫নং ওয়ার্ডে কার পার্কিং ভবনের দক্ষিণ পার্শ্বে ৪ (চার) তলা বিশিষ্ট বাণিজ্যিক ভবন নির্মাণ [প্রধান এন্টারপ্রাইজ] | নিজস্ব তহবিল | ৬৬৫.০০ | ০৬/০৬/২০২৪ | ০৬/১২/২০২৫ | - | ডিজাইন রি-চেক চলমান |
| ৬ | 1069723 [কলি ফ্যাশন] | NCC-ADP-GF-FY24-25-LTM-W02 Construction of RCC Drain & Road Tolla Primary School Cross-drain &Tolla Pathagar to in word no.11, (FY-2024-2025.) | এডিপি | ১০৪.০০ | ০৮/০৫/২০২৫ | ২৮/০২/২০২৬ | ৮০% | কাজ চলমান |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | 1069726 [ফেইথ এন্ড ফেয়ার] | NCC-ADP-GF-FY24-25-LTM-W05 Rehabilitaion of Drain and Road by RCC Shamsujuha road Starting from Red crescent hospital to Bichram house & doctor house, in word no.12, (FY-2024-2025) | এডিপি | ১৬৪.৬১ | ০৮/০৫/২০২৫ | ২৮/০২/২০২৬ | ৯৮% | কাজ চলমান |

| সিদ্ধিরগঞ্জ অঞ্চল | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
| ১ | ০৯/২০২২-২৩ ১টি (সমাপ্ত ০টি) | Vertical extension (5th to 8th story) of City Dolanchapa Plaza-01, Commercial cum Residential Building at Dhanakunda area in ward no- 08 under Narayanganj City Corporation. | নিজস্ব তহবিল | ১১৮৩.২৯ | ১০/১০/২০২৩ | ১৯/০৯/২০২৫ | ৬০% | কাজ চলমান। |
| ২ | ১৩/২০২৪-২৫ ১০ টি | NCC-ADP-GF-FY24-25-LTM-W20 Construction of Drain and Road by RCC at Anayetnagar from Mr Jolil molla house to south direction upto Haque market via printing goli in ward no-08 under NCC in the FY-2024-25 | এডিপি | ৮৫.৪৩ | ১২/০৫/২০২৫ | ১১/১১/২০২৫ | ৯০% | রিকাস্ট চলমান |

| কদমরসুল অঞ্চল | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | প্রকল্প ব্যয়/চুক্তি মূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
| ১ | ১৯/২০২০-২১ ৯টি (সমাপ্ত ৮টি) | Construction of two storied 46 no. Kadam Sharif Nagar School Building with four storied foundation in ward no-23 | নিজস্ব তহবিল | ২৯৪.২৬ | ০২/০৮/২০২১ | ০২/০৪/২০২২ বর্ধিত ৩০/১২/২০২৫ | ৯২% | --- |
| ২ | ০৭/২০২৩-২৪ ৩টি (সমাপ্ত ০টি) | Construction of Garage and Shop at east side of Akij Cement Factory at ward no.-23. | নিজস্ব তহবিল | ২৩৯.১৭ | ০৪/১১/২০২৪ | ০৪/১১/২০২৫ | ৪৫% | কাজ চলমান |
| | | Construction of 2 (Two) storied commercial cum residential building (Scavenger's Colony) with proposed 04(four) storied foundation at south side of Akij Cement Factory in ward no-23. (Type- A) | নিজস্ব তহবিল | ২৬২.৫৪ | ০৪/১১/২০২৪ | ০৪/১১/২০২৫ | ৫% | কাজ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। |
| | | Vertical extension of existing Scavenger's Colony (1st & 2nd floor) at south side of Akij Cement Factory in ward no -23. (Type- C) | নিজস্ব তহবিল | ৯৫.২৫ | ০৪/১১/২০২৪ | ০৪/১১/২০২৫ | ৫% | কাজ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। |
| ৩ | ১৩/২০২৪- | a. Construction of Repair Bokultola | এডিপি | ৩৪.১১ | ০৮/০৫/ | ০৮/১২/ | ৮০% | কাজ চলমান |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ২৫<br>১৭ টি<br>(চলমান<br>৬টি, সমাপ্ত<br>৯টি,<br>বাতিল<br>২টি) | Immunization Center in ward no-19. b. Construction of Pipe Drain at Modanganj beside Nasim Osman Bridge in ward no-19. c. Construction of RCC Road & Drain at Setara Begum Bari to Piar Jahan Bari in ward no-19. | | | ২০২৫ | ২০২৫ | | |
| ৪ | | a. Construction of RCC Road & Drain at P M Road Ratna Begum Bari to Feroz Miah Bari in ward no-19. b. Construction of RCC Road & Drain at Panaullah Bari to Anower Miah Bari in ward no-19. | এডিপি | ৪৩.৪২ | ০৮/০৫/<br>২০২৫ | ০৮/১২/<br>২০২৫ | ৮২% | কাজ চলমান |
| ৫ | | Maintenance of Civil & Electrical works at Kadamrasul Zonal Office building with Boundary wall in ward no-23. | এডিপি | ৪৯.০৪ | ১৭/০৫/<br>২০২৫ | ৩০/১২/<br>২০২৫ | ৮০% | কাজ চলমান |
| ৬ | | Maintenance of road by Bituminous Carpeting at different (four) places of Ali Ahammad Chunka Sarak in ward no-24. | এডিপি | ১৬৮.৩১ | ০৮/০৫/<br>২০২৫ | ৩০/১২/<br>২০২৫ | ৫০% | কাজ চলমান |
| ৭ | | a. Maintenance of Road by BC (Sealcoat) & partially RCC with expansion joint at Kaitakhali Graveyard road in ward no-24 (Road part). b. Maintenance of Road by BC (Sealcoat) & partially RCC with expansion joint at Dewli Graveyard road in ward no-24. c. Maintenance of Broken Road by RCC with Guide wall, sand filling, palisading, earth filling at Kazi Nazarul Islam road in ward no-24. | এডিপি | ৩৫.৭৩ | ১৭/০৫/<br>২০২৫ | ৩০/১২/<br>২০২৫ | ৬০% | কাজ চলমান |
| ৮ | | Repairing of Lakshon khola Hospital & Lakshon khola pond side Coffee Shop in ward no-25. | এডিপি | ২৩.২৮ | ১৭/০৫/<br>২০২৫ | ৩০/১২/<br>২০২৫ | ৪৫% | কাজ চলমান |
| ৯ | | a. Maintenance of Road by BC (Sealcoat) & partially RCC with expansion joint at Kaitakhali Graveyard road in ward no-24 (Road part). b. Maintenance of Road by BC (Sealcoat) & partially RCC with expansion joint at Dewli Graveyard road in ward no-24. c. Maintenance of Broken Road by RCC with Guide wall, sand filling, palisading, earth filling at Kazi Nazarul Islam road in ward no-24. | এডিপি | ৩৫.৭৩ | ১৭/০৫/<br>২০২৫ | ৩০/১২/<br>২০২৫ | ৪৫% | কাজ চলমান |
| ১০ | | Repairing of Lakshon khola Hospital & Lakshon khola pond | এডিপি | ২৩.২৮ | ১৭/০৫/<br>২০২৫ | ৩০/১২/<br>২০২৫ | ৪৫% | কাজ চলমান |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | side Coffee Shop in ward no-25. | | | | | | |
| ১১ | | Repairing of RCC road a. Lakshon khola Madrasa road in ward no-25 b. RCC road on the right side of School Ghat in ward no-26 c. Sonachara Road to School ghat and Kutibon road in ward no-26 d. Beside kuripara High school in ward no-27. | এডিপি | ৬১.৭১ | ১৭/০৫/২০২৫ | ৩০/১২/২০২৫ | ৭৫% | কাজ চলমান |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত উন্নয়ন কাজ ও প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

বাস্তবায়নে: প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৬: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন পদ্ম সিটি প্লাজা-৫ কমার্শিয়াল-কাম-কার পার্কিং ভবনের অবশিষ্ট বৈদ্যুতিক কাজ সংক্রান্ত।**

**আলোচনা:** নির্বাহী প্রকৌশলী মো: ইসমাইল চৌধুরী জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন পদ্ম সিটি প্লাজা-৫ ভবন নির্মাণ কাজটি "১৫ নং ওয়ার্ডে টানবাজারস্থ ০৭ (সাত) তলা ভিত বিশিষ্ট বাণিজ্যিক কাম কার পার্কিং ভবনের বেইজমেন্ট হতে ৩য় তলা পর্যন্ত নির্মাণ" টেন্ডার আইডি নং: ২৩৯০২৫, নথি নং: ৪৬.১৬.৬৭০০.০১৫.০৪.০১২.১৯ এর মাধ্যমে সম্পন্ন হয়। তবে নির্মাণধীন সময়ে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ১৮৮ টি দোকানে বিপরীতে ৩৪৭ টি দোকান নির্মাণ করা হয়। অতিরিক্ত ১৫৯ টি দোকান বরাদ্দ বৃদ্ধির দরুন বৈদ্যুতিক ওয়্যারিংসহ আনুসাংগিক মালামাল বৃদ্ধি পাওয়ায় উক্ত ভবনের অবশিষ্ট বৈদ্যুতিক কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ৩,৪৭,৩৫,৪৭৯.০০ (তিন কোটি সাতচল্লিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত উনআশি) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। কাজটি পিপিআর-২০২৫ অনুযায়ী OTM পদ্ধতিতে সম্পাদনের জন্য পরিষদে সদয় উপস্থাপন করা হলো।

| ক্র:নং | কাজের নাম | প্রক্কলিত মূল্য (টাকা) |
|---|---|---|
| ১ | Remaining Electrical Work Construction Basement to 2nd Floor of 7-Storied Padda-5 Commercial Cum Car Parking Building at Tanbazar in Ward No-15. | ৩,৪৭,৩৫,৪৭৯.০০ |

**সিদ্ধান্ত:** OTM পদ্ধতিতে কাজটি সম্পাদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৭: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডে উন্নয়নমূলক কাজের প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত।**

**আলোচনা**: নির্বাহী প্রকৌশলী মো: ইসমাইল চৌধুরী জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১৩ নং ওয়ার্ডে অধ্যক্ষ খগেন্দ্রনাথ চক্রবর্তী রোডের সুপেয় পানি সরবরাহ লাইন (ওয়াসা) পুনঃস্থাপন প্রসঙ্গে জাইকা সহায়তাপুষ্ট LGED প্রকল্প UDCGP মাধ্যমে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১৩ নং ওয়ার্ডে অধ্যক্ষ খগেন্দ্রনাথ চক্রবর্তী রোডে RCC ড্রেন এর কাজ চলমান রয়েছে। উক্ত রাস্তায় অতি পুরনো পানির মেইন লাইনগুলো যততত্রভাবে সংযুক্ত রয়েছে এবং বিভিন্ন জায়গায় ফাটল, লিকেজ দেখা দিয়েছে। বিভিন্ন সময়ে মেরামত করার কারণে পাইপগুলোর স্থায়িত্ব নষ্ট হচ্ছে এবং মেরামতের অযোগ্য হয়ে পড়ছে। এতে জনগণের ভোগান্তি বাড়ছে। এহেন পরিস্থিতিতে জনগণের সুবিধার্থে সুপেয় পানি সরবরাহের লাইন (ওয়াসা) সুবিন্যস্তভাবে পুনঃস্থাপনের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার প্রাক্কলিত মূল্য = ৪০,৭৮,৯২১.০০/- (চল্লিশ লক্ষ আটাত্তর হাজার নয়শত একুশ) টাকা। উক্ত প্রাক্কলনের মাধ্যমে ০১ (এক) কিলোমিটার ৮ ইঞ্চি ডায়া পাইল লাইন পুনঃস্থাপন করা হবে মর্মে পরিষদের সাধারণ সভায় সদয় অনুমোদনের উপস্থাপন করা হলো।

| ক্রমিক নং | কাজের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| ০১ | Installation of upvc pipe at Masdari bazaar mor to Golachipa mor in ward no: 13 under water supply development of NCC. | ৪০,৭৮,৯২১.০০/- |

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে জনগণের সুবিধার্থে সুপেয় পানি সরবরাহের লাইন (ওয়াসা) সুবিন্যস্তভাবে পুনঃস্থাপনের জন্য উল্লিখিত উন্নয়ন প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৮ : নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ অঞ্চলের ড্রেন পরিষ্কার কাজের প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত।**

আলোচনা: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (সিভিল) জনাব মোহাম্মদ ইসমাইল চৌধুরী উন্নয়নমূলক কার্যক্রম কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ অঞ্চলের ড্রেন পরিষ্কার কাজের প্রাক্কলন অনুমোদন সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন কদমরসুল অঞ্চলের ওয়ার্ড ভিত্তিক (ওয়ার্ড নং-১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬ ও ২৭) ড্রেন পরিষ্কার করার প্রয়োজনীয়তা দেখা দেয়ায় উল্লিখিত প্রকল্পের তালিকা অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, যা নিম্নরূপ:

| প্রকল্পের নাম | ড্রেনের দৈর্ঘ্য (মি:) | প্রাক্কলিত মূল্য (টাকা) |
|---|---|---|
| Drain cleaning in ward no-19. | ৯৪৯০.০০ | ১১১৯৬৩০.০০ |
| Drain cleaning in ward no-20. | ১২৭৫০.০০ | ১৫৫৩০৩৭.০০ |
| Drain cleaning in ward no-21. | ১৪৯০০.০০ | ১৮২৪৩১০.০০ |
| Drain cleaning in ward no-22. | ৭২৫১.০০ | ৯৪৬৭৫৪.০০ |
| Drain cleaning in ward no-23. | ৮৭০০.০০ | ১০২৭৬৫৩.০০ |
| Drain cleaning in ward no-24. | ৫২০০.০০ | ৮৭৮২১১.০০ |
| Drain cleaning in ward no-25. | ৯৩১৫.০০ | ১০১৪৭১৬.০০ |
| Drain cleaning in ward no-26. | ৬০১৫.০০ | ৮৪০৩০২.০০ |
| Drain cleaning in ward no-27. | ৯৭৬৭.০০ | ১০৬৮০৪৩.০০ |
| সর্বমোট= | ৮৩,৩৮৮ মিটার | ১,১১,৭২,৬৮৬.০০ |

(সর্বমোট: এক কোটি এগার লক্ষ বাহাত্তর হাজার ছয়শত ছিয়াশি) টাকা মাত্র।

সিদ্ধিরগঞ্জ অঞ্চল:

| ওয়ার্ডের নাম | ড্রেনের পরিমাণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কার | ১৬,০০৩.০০ মিটার | ২০,৬০,২১০.০০ |
| ২নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কার | ১৫,১৫৯.০০ মিটার | ১৯,৭১,০২১.০০ |
| ৩নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কার | ১৭,০৩৭.০০ মিটার | ২১,৩৭,৮১৯.০০ |
| ৪নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কার | ১০,১৪১.০০ মিটার | ১২,৯৭,৭২৩.০০ |
| ৫নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কার | ৩,৪৭৩.০০ মিটার | ৪,৯২,৭৭৬.০০ |
| ৬নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কার | ২,০২০.০০ মিটার | ৩,৩৮,৭২৯.০০ |
| ৭নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কার | ৬,৬৫১.০০ মিটার | ৯,২১,৬০৭.০০ |
| ৮নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কার | ১৩,৭৫০.০০ মিটার | ২২,০১,৩৪৩.০০ |
| ৯নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কার | ২৩,৭৮০.০০ মিটার | ৩০,৭৯,৪০৮.০০ |
| **সর্বমোট =** | **১,০৮,০১৪.০০ মিটার** | **১,৪৫,০০,৬৩৬.০০ টাকা।** |

০১-০৯টি ওয়ার্ডে ১,০৮,০১৪.০০ মিটার বা ১০৮.০১৪ কি.মি. ড্রেন পরিষ্কার বাবদ সর্বমোট টাকা=১,৪৫,০০,৬৩৬.০০ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ ছয়শত ছত্রিশ) টাকা।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সিদ্ধিরগঞ্জ অঞ্চলের ১-৯নং ওয়ার্ডের আরসিসি দ্বারা রাস্তা মেরামত ও ড্রেন নির্মাণের প্রস্তাবিত প্রকল্পসমূহের তালিকা:

| SL. NO | Scheme of code and Name | Estimated Amount |
|---|---|---|
| 01 | (36758-26-40032) Upgrading of Road by RCC with drain from Mizmizi Poschimpara high school north-east corner to canalpar Mr. Faruk house via Al-Aksha Jame mosjid & Mr. Malek house in ward no-02 under Narayanganj City Corporationin the FY-2025-26 (L-210mx3.65m & link=170.00mx2.43m) | 14102961.00 |
| 02 | (36758-26-40036) Upgrading of Road by RCC with drain near Shahebpara Raj Timber from Mr Nurul Islam house to east direction upto canalpar Mr. Hazi Ruhul amin house via Rahim market mr Jobbar house in ward no-02 under NCC in the FY-2024-25 (L=200m (110.00mx3.00m, 90.00x2.00m)) | 7014200.00 |
| 03 | Maintenance of Road by RCC (which cutted by DPDC from Mizmizi poschimpara Madrasha road Sumaya villa to west dir. Upto Roghunathpur paccar matha in ward no.-02 under NCC in the FY-2025-26(L=275m). | 1200194.00 |
| 04 | Maintenance of Road by RCC (which cutted by DPDC) (a) from Sahebpara Haji cold storage to south direction upto Mr. Faruk house(L=55.00m) (b) near Abdul Ali phool(culvert), Mizmizi Boro Hazarat house to Abdul Gaggar house by uniblock & drain new slab & approach road (L=35.00m) in ward no.-02 under NCC in the FY-2025-26. | 546399.00 |
| 05 | (36758-26-40009) Upgrading of drain by RCC with drain at Mizmizi poschimpara (Hajinagar) Baitulla Jame Mosjid to south direction upto Mukhlesur Rahman house via Mohiuddin house in ward no-02 under NCC in the FY-2025-26 (L=75.00mx3.05m) | 2703199.00 |
| 06 | (36758-26-40007) Upgrading of road by RCC with drain near Dhonuhaji road from Krishna Chandra dash's house to west direction upto Maya Begom house via Shiplu house in ward no-02 under NCC in the FY-2025-26 (L-110.00mx3.65m) | 4207910.00 |

| | | |
|---|---|---|
| 07 | Maintenance of Road by RCC (which cutted by DPDC from Bot-tola to Nemaikashari Mr. Abdul Motin master market via Ali Akbor school road & Rofiq vila in ward no.-03 under NCC in the FY-2025-26(L=1298m). | 5167739.00 |
| 08 | Maintenance of Road by RCC (which cutted by DPDC) at Shimrail from Sanarpar bus-stand to north-east direction upto Mr. sadek house via london market in ward no.-03 under NCC in the FY-2025-26(L=665.00m). | 3397281.00 |
| 09 | Maintenance of Road by RCC (which cutted by DPDC) at Shimrail from Bangladesh Paper mill to North direction upto Dalda mill zero point in ward no.-04 under NCC in the FY-2025-26(L=800.00m). | 2263996.00 |
| 10 | Maintenance of Road by RCC (which cutted by DPDC) at S.O. road Meghna Dipo Khejurtola road Jakir hossain house to north direction upto Mohiuddin vila in ward no. 06 under NCC in the FY-2025-26(L=365.00m | 1591320.00 |
| 11 | (36758-26-40038) Upgrading of Road by RCC with drain from poschim Kadamtoli Modinabag Jinius Madrasha to west direction upto Siraj sorder house via Nasiruddin house in ward no.-07 under Narayanganj City Corporation in the FY-2025-26 (L=90mx4.88m & link=85.00mx2.43m) | 6849695.00 |
| 12 | Maintenance of Road by RCC (which cutted by DPDC from Kadamtoli college road pathan villa to Bhuiyanpara Aziz khan house in ward no.-07 under NCC in the FY-2025-26(L=1175.00m | 5213328.00 |
| 13 | (36758-26-40041) Upgrading of Drain by RCC with drain from Bhuiyan para CMB road Masum Bhuiyan house to east directionupto Monir prodhan house in ward no.-08 under Narayanganj City Corporation in the FY-2025-26 (L=200.00mx2.43m) | 6951996.00 |
| 14 | Maintenance of Road by RCC (which cutted by DPDC) (a) from Navana Housing gate to Chairman office culvert via Shiddhirganj lake & lal dalan in ward no.-07 & 08 (b) Chowdhuribari bus stand to east direction upto Nagina Joha road in ward no.- 08 under NCC in the FY-2025-26(L=1630.00+120.00=1750.00m). | 5732103.00 |
| 15 | Paint of Boundary Grill at Jalkuri Solid waste management project in ward no.-09 under NCC in the FY-2025-26 | 965265.00 |
| 16 | Maintenance of Road by RCC (which cutted by DPDC) from Koroitola Mosjid to Madbor bazar Aziz soud house via Nineterpara Ayub Ali market & Akibullah house in ward no.-09 under NCC in the FY-2025-26(L=1995.00m). | 10923623.00 |
| | Total Taka = | 7,88,31,209.00 |
| | In Word (Seven Crore Eighty eight lakh Thirty one thousand two hundred nine) Only. | |

তিনি আরও জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলের বিভিন্ন ওয়ার্ডের রাস্তা ভাঙ্গা ও গর্ত থাকায় এলাকাবাসীর যাতায়াতের সমস্যা অসুবিধা হচ্ছে বিধায় জরুরি ভিত্তিতে রাস্তা মেরামত ও পুনর্গঠন করা প্রয়োজন। সেই লক্ষ্যে উল্লিখিত প্রকল্পের তালিকা অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, যা নিম্নরূপ:

| Sl. No | Project Name | Length | Taka |
|---|---|---|---|
| 1 | Rehabilitation of RCC Road from Modonganj canal par Satata model furniture to Salauddin Miah house in ward no19 under Narayanganj city corporation in the FY- 2025-2026. Total Length=180m. | 180.00 | 9805683.00 |
| 2 | Repair Bituminous Carpeting Road Near NCC WASA Plant at in ward no 20 under NCC | LS | 301715.00 |
| 3 | Repair of RCC Road in ward no 19 (Tikkar More, M N Gosal Road, Modonganj) & 21 (Babupara More , Near Lal Zeur Mondir) under Narayanganj City Corporation in the FY-2025-2026. | LS | 1229923.00 |
| 4 | Repair of Bituminous Carpeting Tribiny Bridge both side Approch at in ward no 21 under NCC. | LS | 1728844.00 |
| 5 | Repair of Bondor Thana Road (Marin Academic Bridge To Thana Kheya Ghat )In ward no 21 under NCC | LS | 1935205.00 |
| 6 | Repair of Bituminous Carpeting road in ward no 22 (Lezaras Residential Area, Goli No 3) & Ward no 23 (Near Akiz Factory/Arsim Mosjid) under NCC. | LS | 761990.00 |
| 7 | Repair work of RCC road from (Kaitakhali Koborsthan road haji Noab Ali house, Boktarkandi mosque er samne joinal house, mosjed er samne west side gollir surote, chourpara Kobi Kazi Nazrul Isalm road abdul Azia house, Deowli Chourapa Bhomy Office er samne) in ward no-24 | LS | 92962.00 |
| 8 | Repair work of RCC road (Lokkhon Khola taltala ch 0-23 and Sohagpur textile oposit ch-182) in ward no-25 | LS | 1201224.00 |
| 9 | Repair work of RCC road (Lokkhon Khola Bhagbari ch 0-30) in ward no-25 | LS | 496575.00 |
| 10 | Repair work of RCC road (2 no dhakeswary more Koritola Ch 0-733 and 2 no dhakeshwary Khayaghat road Ch 00-27) in ward no-25 | LS | 840722.00 |
| 11 | Repair work of RCC road (Madrasha road councilor maya apa house road Ch 0-51.2 and Dokkhin Lokkhon Khola Jame mosque soud house) in ward no-25 | LS | 498207.00 |
| 12 | Repair work of RCC road (Chairman Bari road Ch 00-255) in ward no-26 | LS | 111894.00 |
| 13 | Repair work of RCC road (Sonachara road Ch 00-500) in ward no-26 | LS | 1324650.00 |
| 14 | Repair work of RCC road (Kuripara road Ch 00-284) in ward no-27 | LS | 75667.00 |
| 15 | Repair work of RCC road (Lakharbag road Ch 00-38) in ward no-27 | LS | 250829.00 |
| | Total Tk= | | 20656090.00 |

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলের বিভিন্ন ওয়ার্ডের রাস্তা ভাঙ্গা ও গর্ত থাকায় এলাকাবাসীর যাতায়াতে সুবিধার্থে জনস্বার্থে প্রাক্কলনগুলো অনুমোদন করা যেতে পারে।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলের ''নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন'' শীর্ষক প্রকল্পটির চতুর্দিকের জায়গার নিরাপত্তার স্বার্থে প্রাক্কলন প্রস্তুত করা হয়ে, যা নিম্নরূপ:

| ক্র: নং | প্রকল্পের নাম | দৈর্ঘ্য (মি:) | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১ | ''নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন'' শীর্ষক প্রকল্পের বাউন্ডারি ওয়াল নির্মাণ | ২৬১৫.০০ | ৯,৯৩,৪৪,৯৯৭.০০ |

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলের ''নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন'' শীর্ষক প্রকল্পটির জায়গার নিরাপত্তার স্বার্থে প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সেবকদের উন্নত জীবন ব্যবস্থা এবং সেবকগণের ১০ তলা ফ্ল্যাটে প্রতিদিন স্বাচ্ছন্দে উঠানামার লক্ষ্যে লিফট স্থাপনের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, যা নিম্নরূপ:

ঋষিপাড়া, ইসদাইর ও টানবাজার ১০ তলা ভিত্তিবিশিষ্ট সেবক কলোনী ভবনে লিফট স্থাপন (নারায়ণগঞ্জ অঞ্চল):

| ক্র: নং | প্রকল্পের নাম | দৈর্ঘ্য (মি:) | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১. | Supplying and Installation of lift of Scavenger's Colony at Rishipara, Isdair and Tanbazar under Narayanganj City Corporation. | -- | ৩,১১,৬৫,৮৬২.০০ |

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সেবকদের উন্নত জীবন ব্যবস্থা এবং সেবকগণের ১০তলা ফ্ল্যাটে প্রতিদিন স্বাচ্ছন্দে উঠানামার লক্ষ্যে লিফট স্থাপনের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, প্রকল্পটি বাস্তবায়ন করা যেতে পারে।

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের (১) কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ অঞ্চলের ড্রেন পরিস্কার, (২) ঋষিপাড়া, ইসদাইর ও টানবাজার ১০ তলা ভিত্তিবিশিষ্ট সেবক কলোনী ভবনে লিফট স্থাপন, (৩) ''নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন'' শীর্ষক প্রকল্পের বাউন্ডারি ওয়াল নির্মাণ এবং (৪) কদমরসুল অঞ্চলের বিভিন্ন ওয়ার্ডের ভাঙ্গা রাস্তা ও গর্ত জরুরি ভিত্তিতে মেরামত বিষয়ক প্রাক্কলনগুলো অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নে :** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৯: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সিদ্ধিরগঞ্জ অঞ্চলের আঞ্চলিক অফিসের অসমাপ্ত কাজের প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (সিভিল) জনাব মোহাম্মদ ইসমাইল চৌধুরী উন্নয়নমূলক কার্যক্রম কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ অঞ্চলের ড্রেন পরিষ্কার কাজের প্রাক্কলন অনুমোদন সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সিদ্ধিরগঞ্জ অঞ্চলের আঞ্চলিক অফিসের অসমাপ্ত কাজের প্রাক্কলন নিম্নরূপ:

| SL.NO | Scheme of code and Name | Estimated Amount |
|---|---|---|
| 01 | Construction of 04 (four) Storied Shiddhirganj New Proposal Regional Office Building rest of work in ward no-06 under Narayanganj City Corporationin (Civil+Electrical) | 8754000.00 |

In Word (Eighty seven lakh Fifty seven thousand) Only.

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক অফিসের অসমাপ্ত কাজের প্রাক্কলন অনুমোদনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ১০ : বিবিধ**

বিষয়ভিত্তিক নির্ধারিত আলোচনা সম্পন্ন হওয়ায় প্রশাসক মহোদয় উপস্থিত কর্মকর্তাদের নিকট হতে পরিবেশ বান্ধব, জনকল্যাণকর, বিবিধ সমস্যা নিরসন সংক্রান্ত এবং স্বল্প সময়ে বাস্তবায়নযোগ্য বিষয়ে আলোচনার আহবান জানান।

(১) আলোচনায় অংশ নিয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (সিভিল) জনাব মো: সেলিম চৌধুরী নতুন করে ঠিকাদারী লাইসেন্স প্রদান এবং পুরাতন লাইসেন্স নবায়ন করার বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

এ বিষয়ে প্রশাসক মহোদয় বলেন, গত ১৭ বছর ঠিকাদারী লাইসেন্স থাকা সত্ত্বেও রাজনৈতিক বৈরিতার কারণে অনেক ঠিকাদার টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারেননি বা কাজ পাননি। নতুন করে ঠিকাদারী লাইসেন্স প্রদান করা হলে রাজস্ব আয় বৃদ্ধি পাবে সে বিবেচনায় নতুন ঠিকাদারি লাইসেন্স প্রদান করা যেতে পারে। তিনি জরিমানা ব্যতীত পুরাতন ঠিকাদারি লাইসেন্স নবায়নের জন্য বিধি-বিধানসহ প্রস্তাব দেয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে রাজস্ব আয় বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়ে নতুন ঠিকাদারী লাইসেন্স প্রদানের এবং জরিমানা ব্যতীত পুরাতন ঠিকাদারি লাইসেন্স নবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

(২) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মো: মঈনুল ইসলাম সভাকে জানান যে, প্র্যাকটিক্যাল অ্যাকশন প্রতিষ্ঠানটি নারায়ণগঞ্জ নগরীতে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে একটি ০১ (এক) বছর মেয়াদী প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাব দাখিল করেন। তিনি সে প্রকল্পের রূপরেখা সভায় উপস্থাপন করেন। প্রকল্পটি বাস্তবায়নের ব্যাপারে সকলে একমত পোষণ করেন।

তিনি আরও জানান, নগরীর চাষাড়াস্থ এলইডি ডিসপ্লে বিল বোর্ডের ভাড়া সাবেক এনসিসি পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি বর্গফুট ১,০০০/- হিসেবে আদায় করা হচ্ছে কিন্তু মডেল ট্যাক্স সিডিউল ২০১৬ মোতাবেক প্রতি বর্গফুটের বার্ষিক ভাড়া ২০,০০০/- হিসেবে আদায়যোগ্য। নারায়ণগঞ্জে এত উচ্চ মূল্যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান এলইডি ডিসপ্লে বিল বোর্ড ভাড়া নিতে ইচ্ছুক নয়। সে প্রেক্ষিতে প্রশাসক মহোদয় বলেন, বিস্তারিত উল্লেখ করে এ বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করে মতামত চাওয়া যেতে পারে।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে (i) প্র্যাকটিক্যাল অ্যাকশন প্রতিষ্ঠানটি নারায়ণগঞ্জ নগরীতে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে নগরীর ১৫নং ওয়ার্ডে পাইলট প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেয়া; (ii) এলইডি ডিসপ্লে বিল বোর্ডের ভাড়া নির্ধারণের বিষয়ে মতামত চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** নগর পরিকল্পনা শাখা ও বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

(৩) ডাঃ এ এফ এম মুশিউর রহমান, সিভিল সার্জন, নারায়ণগঞ্জ বলেন আসন্ন বর্ষা মৌসুমে ডেঙ্গু ও চিকুনগুনিয়া যেন নিয়ন্ত্রণে রাখা যায় সে বিষয়ে আমাদের এলাকা বা ওয়ার্ড ভিত্তিক হটস্পট চিহ্নিত করে ব্যবস্থা নিতে হবে। মশক নিধনে কার্যকরী ঔষধ স্প্রে করার পাশাপাশি ভালো ফগার মেশিন ব্যবহার করতে হবে। এছাড়া মশার প্রজনন উৎস বিনষ্ট করতে হবে। জ্বরে আক্রান্ত ব্যক্তির জ্বরের লক্ষণ দেখে ডেঙ্গু ও চিকুনগুনিয়া সন্দেহ হলে দ্রুত চিকিৎসকের পরামর্শ ও ব্যবস্থপত্র গ্রহণ করতে হবে। খাল খনন বা পুন:খনন করে পানি প্রবাহ স্বাভাবিক রাখতে হবে; কারণ প্রবাহমান পানিতে মশা জন্মাতে পারে না।

প্রশাসক মহোদয় বলেন, নারায়ণগঞ্জ নগরীর জনসংখ্যা বিবেচনায় তাদের সু-চিকিৎসা নিশ্চিত করতে হলে সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপনের বিকল্প নেই। নারায়ণগঞ্জে কোনো সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপনের প্রস্তাবনা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে সিভিল সার্জন ও জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর সার্বিক সহযোগিতা প্রয়োজন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে (১) মশার প্রজনন ক্ষেত্রে ধ্বংস, জলাবদ্ধতা নিরসন এবং ফগার মেশিন ও স্প্রে এর সাহায্যে মশা নিধন কার্যক্রম জোরদার করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং (২) নারায়ণগঞ্জে সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপনের প্রস্তাবনা প্রস্তুতির গুরুত্বপূর্ণ অংশ হিসেবে ভূমি/স্থান নির্বাচন করার জন্য সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন ও সিভিল সার্জন কার্যালয়ের সমন্বয়ে একটি কমিটি গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নে:** স্বাস্থ্য বিভাগ ও বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

(৪) জনাব মো: মাইনুল আবেদীন, পরিচালক (উপসচিব), জোন-৮, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ জানান যানজট নিরসনে একটি পরিকল্পিত নগরী বির্নিমাণ অত্যন্ত জরুরী। নারায়ণগঞ্জ একটি অতি পুরাতন নগরী। নগরীতে সড়কগুলো অত্যন্ত সরু। নতুন করে বড় বড় সড়ক নির্মাণের তেমন একটা সুযোগ নেই। তবে রাজউক যেটা করতে পারে তা হলো - যে সকল স্থাপনা রাজউকের প্ল্যান না মেনে করা হয়েছে সেগুলো ভেঙ্গে ফেলতে উদ্যোগ গ্রহণ। বাড়ি নির্মানের সময় বাড়ির নীচতলায় গাড়ি পার্কিং স্পেস রাখার বিষয়টি যথাযথ মনিটরিংয়ের মাধ্যমে নিশ্চিত করা সম্ভব।

নির্বাহী প্রকৌশলী গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ এর পক্ষে সভায় উপস্থিত এসডিই-১ জনাব আব্দুস সালাম বলেন, রাজউক শুধু প্ল্যান অনুমোদন দিয়ে দায়িত্ব শেষ করলে হবে না বরং সে প্ল্যান যথাযথভাবে মেনে তা অনুযায়ী ভবন নির্মাণ হচ্ছে কি না তাও দেখতে হবে। এ বিষয়ে যথাযথ মনিটরিং নিশ্চিত করতে হবে।

জনাব আবদুল্লাহ আল আরেফিন, উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স জানান, নগরীর মার্কেটগুলোতে বেজমেন্ট ফ্লোরে কোনো দোকান করতে দেয়া যাবে না। গাড়ি পার্কিংয়ের ব্যবস্থা রাখতে হবে। রাজউক ভবন অনুমোদন কমিটিতে তাদের প্রতিনিধি রাখার গুরুত্ব বিবেচনায় নেয়ার জন্য রাজউক কর্তৃপক্ষ ও প্রশাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মো: মঈনুল ইসলাম বলেন, রাজউক কোথায় কিভাবে বাড়ি নির্মাণের প্ল্যান দিচ্ছে সে বিষয়ে সিটি কর্পোরেশন কিছুই জানতে পারছে না। সে কারণে এনসিসি'র অভ্যন্তরে কোনো প্ল্যান অনুমোদন দিলে তা এনসিসিকে অবগত করতে হবে। সেটা করার জন্য ভবন অনুমোদন কমিটিতে এনসিসি'র প্রতিনিধি রাখা প্রয়োজন। এছাড়া নির্মাণ সামগ্রী সড়কের উপর ফেলে না রাখার বিষয়ে জনসচেতনতা তৈরি করতে হবে। আইনের ব্যত্যয় ঘটলে জরিমানা করা এমন কি সড়কে মালামাল রেখে প্রতিবন্ধকতা তৈরির কারণে মালামাল বাজেয়াপ্ত করাসহ জরিমানা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

এ প্রসঙ্গে প্রশাসক মহোদয় বলেন, রাজউক কর্তৃক অনুমোদিত ভবনের অতিরিক্ত কোনো স্থাপনা নির্মাণ না হয় সেদিকে নজরদারী বাড়াতে হবে। ভবনের নীচে গাড়ি পার্কিং ব্যবস্থা রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন সর্বাত্মক সহযোগিতা করবে।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক সিটি কর্পোরেশনের অভ্যন্তরে ভবনের প্ল্যান অনুমোদন কমিটিতে সিটি কর্পোরেশন এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রতিনিধিকে অর্ন্তভুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), জোন-৮, নারায়ণগঞ্জ ও নগর পরিকল্পনা শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

(৫) জনাব মঞ্জুর আজিজ মোহন, উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস লিমিটেড, নারায়ণগঞ্জ প্রশাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন চাষাড়া টু পঞ্চবটি সড়কটি ৬ লেনে উন্নীতকরণের কার্যক্রম গৃহীত হয়েছিলো কিন্তু এ বিষয়ে আর কোনো কার্যক্রম দৃশ্যমান হচ্ছে না। এ রাস্তাটি প্রশস্ত হলে নগরীর যানজট নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ বিষয়ে প্রশাসক মহোদয় বলেন, চাষাড়া টু পঞ্চবটি সড়কটি প্রশস্তকরণ প্রকল্প বিষয়ে তিনি তার অবস্থান থেকে বাস্তবায়নকারী সংস্থা সড়ক ও জনপথ এবং সড়ক ও সেতু মন্ত্রণালয়ে যোগাযোগ করবেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে চাষাড়া টু পঞ্চবটি সড়কটি প্রশস্তকরণ প্রকল্প কার্যক্রম বিষয়ে সর্বশেষ অবস্থা জানার জন্য বিস্তারিত আলোচনান্তে এবং সড়ক ও সেতু মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ ও নগর পরিকল্পনা শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভার এ পর্যায়ে মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এর নির্দেশনা মোতাবেক নগরীর উন্নয়নে স্বল্প মেয়াদী ১৮০ দিনের কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে প্রশাসক মহোদয় গুরুত্বারোপ করেন। তিনি এ সময়ে সিটি কর্পোরেশনের রাস্তা সংস্কার, খাল খনন বা পুন:খনন, সবুজায়ন, জলাধার সংরক্ষণ, জলাবদ্ধতা নিরসন, মশক নিধন, পানি সরবরাহ, বৃক্ষরোপন, বর্জ্য-ব্যবস্থাপনা বিষয়ে দ্রুত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে প্রস্তাবনা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশনা দেন। তিনি আরও বলেন, এনসিসি'র সম্পত্তি ব্যক্তি স্বার্থে নয়, সমষ্টিগত স্বার্থে ব্যবহার করতে প্রকল্প গ্রহণ করতে হবে; অবৈধ অটোরিক্সা ও যানজট নিরসনে উদ্যোগ নেয়া হবে, রোড ডিভাইডার এর সদ্ব্যবহার নিশ্চিত করতে হবে, পবিত্র ঈদ-উল-ফিতর এর পর যানজট নিরসনের পাশাপাশি সড়ক ও ফুটপাত হতে হকার উচ্ছেদ করার উদ্যোগ গ্রহণ করা হবে। বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে তিনি জেলা প্রশাসন ও পুলিশ বিভাগসহ অংশীজনদের সহযোগিতা প্রত্যাশা করেন।

অতঃপর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও তাদের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এডভোকেট মোঃ সাখাওয়াত হোসেন খান)
প্রশাসক
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নং: ৪৬.১৬.০০০০.০০৪.০৬.১৭৬.২৪- ১৮১

তারিখ: ১৬/০৪/২০২৬ খ্রিঃ

<u>সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।

৪। ---------------------------------------------------------------------------------------------------------------- নারায়ণগঞ্জ।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

৭। জনাব ------------------------------------------------------------------------------------------- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

৮। অফিস কপি/ গার্ড নথি, প্রশাসন শাখা।

(মোঃ নূর কুতুবুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
ও
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

## পরিশিষ্ট - (ক)

**১১/০৩/২০২৬ খ্রিঃ তারিখ রোজ বুধবার সরকার কর্তৃক গঠিত কমিটির ১৭তম সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে):**

১) এ্যাডভোকেট মোঃ সাখাওয়াত হোসেন খান, প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোঃ নূর কুতুবুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ও সচিব (উপসচিব), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মো: সাখাওয়াত হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
৪) জনাব মো: আ: করিম শেখ, ট্রাফিক ইন্সপেক্টর (প্রশাসন), নারায়ণগঞ্জ (পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর প্রতিনিধি)।
৫) ডাঃ এ এফ এম মুশিউর রহমান, সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
৬) জনাব মোঃ মাইনুল আবেদীন, পরিচালক (উপসচিব), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জোন-৮, নারায়ণগঞ্জ।
৭) জনাব আবদুস সালাম, এসডিই-১, (নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ এর প্রতিনিধি)।
৮) জনাব মো: হুমায়ুন কবির, নির্বাহী প্রকৌশলী ,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৯) জনাব মোঃ আতিকুর রহমান, জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১০) জনাব ফেরদৌসী বেগম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১১) জনাব এস এম সাজ্জাদুর রহমান, যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ।
১২) জনাব মোঃ আবদুল্লাহ আল আরেফীন, উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ।
১৩) জনাব মোঃ সাইফুল কবির, মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নারায়ণগঞ্জ।
১৪) জনাব মঞ্জুর আজিজ মোহন, উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন লিমিটেড, নারায়ণগঞ্জ।
১৫) জনাব এ, এইচ, এম রাসেদ, উপ পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।

**সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা:**

১৬) জনাব আহসানুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
১৭) জনাব নাঈম হাসান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ।

**উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :**

১) জনাব মোঃ হেমায়েত হোসেন, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোহাম্মদ ইসমাইল চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব সেলিম চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫) জনাব মোঃ ইউছুফ আলী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬) জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭) জনাব এ এস এম মশিউর রহমান, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮) জনাব ডা: নাফিয়া ইসলাম, মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯) জনাব বিপ্লব বিশ্বাস, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০) জনাব মো: মিজানুর রহমান, আইন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১) জনাব আবদুল্লাহ মোহাম্মদ হাশেম, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১২) জনাব আবদুল্লাহ আল জোবায়ের, সহকারী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৩) জনাব মো: হাসানুল ইসলাম, সহকারী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৪) খন্দকার মো: নাজমুল হক, সহকারী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৫) জনাব মো: হান্নান মিয়া, রাজস্ব কর্মকর্তা (ভা:), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৬) জনাব মোঃ জহিরুল আলম, বাজার কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৭) জনাব অনন্ত কুমার পাল, কর নির্ধারক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৮) জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।